4 JAN 2017

# পাংশায় দুই বিদ্যালয়ে অগ্নিকাণ্ড

**পুড়ে গেছে বই কম্পিউটারসহ মূল্যবান জিনিস**

■ রাজবাড়ী প্রতিনিধি

রাজবাড়ীর পাংশা এয়াকুব আলী চৌধুরী বিদ্যাপীঠ ও বাহাদুরপুর খবির উদ্দিন উচ্চ বিদালয়ে সোমবার রাতে ও মঙ্গলবার ভোরে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। এতে দুটি শিক্ষা প্রতিষ্ঠানে থাকা নতুন বই, আসবাবপত্র, কম্পিউটারসহ ২৫ লক্ষাধিক টাকার ক্ষতি হয়েছে। পাংশার ইউএনও মোহাম্মদ নজরুল ইসলাম, রাজবাড়ী জেলা শিক্ষা কর্মকর্তা সৈয়দ সিদ্দিকুর রহমান, পাংশা পৌর মেয়র আব্দুল্লাহ আল মাসুদ বিশ্বাস ঘটনাস্থল পরিদর্শন করেছেন।

এয়াকুব আলী চৌধুরী বিদ্যাপীঠের প্রধান শিক্ষক মোতাহার হোসেন জানান, রাত সাড়ে ১০টার দিকে বিদ্যালয়ে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। ওই সময় বিদ্যালয়ে শুধু নৈশপ্রহরী ছিল। তার কাছ থেকে অগ্নিকাণ্ডের খবর পেয়ে পাংশা ফায়ার সার্ভিসকে জানানো হয়। অগ্নিকাণ্ডে বিদ্যালয়ের দুটি শ্রেণিকক্ষ, একটি টিচার্স কমন রুম, পাঁচটি কম্পিউটার, একটি প্রজেক্টর, মূল্যবান কাগজপত্র এবং ষষ্ঠ শ্রেণির ছাত্রদের জন্য রাখা বিনা মূল্যের ৮০ সেট বইসহ ২৪ লাখ ২১ হাজার টাকার মালপত্র পুড়ে গেছে।

অন্যদিকে একই উপজেলার বাহাদুরপুর খবিরুজ্জামান উচ্চ বিদ্যালয়ে মঙ্গলবার ভোরে একদল দুর্বৃত্ত অফিসের তালা ভেঙে ভেতরে ঢুকে আগুন ধরিয়ে দেয়। এতে প্রধান শিক্ষকের কক্ষে থাকা বিনা মূল্যে বিতরণের নতুন বই, শিক্ষার্থীদের সনদপত্র, নম্বরপত্র, কম্পিউটার, আলমারিসহ বেশকিছু আসবাপত্র পুড়ে যায়।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল জলিল জানান, কে বা কারা এ কাজ করেছে তা জানা নেই তার।

বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি এনামুল হক বলেন, নাশকতার উদ্দেশ্যেই দুর্বৃত্তরা এ ঘটনা ঘটিয়েছে।

পাংশা ফায়ার স্টেশনের স্টেশন অফিসার কাজী আরিফুল ইসলাম জানান, এয়াকুব আলী চৌধুরী বিদ্যাপীঠে অগ্নিকাণ্ডের ব্যাপারে কর্তৃপক্ষ শর্টসার্কিট থেকে অগ্নিকাণ্ডের সূত্রপাত বললেও প্রকৃত কারণ এখনও নিশ্চিত নয়। বিষয়টির তদন্ত হওয়া দরকার। এ ছাড়া খবিরুজ্জামান উচ্চ বিদ্যালয়ে তারা যাওয়ার আগেই স্থানীয়রা আগুন নিভিয়ে ফেলে।

ইউএনও মোহাম্মদ নজরুল ইসলাম বলেন, খবিরুজ্জামান উচ্চ বিদ্যালয়ের ঘটনায় প্রধান শিক্ষককে মামলা করতে বলা হয়েছে। তদন্ত করে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

জেলা শিক্ষা কর্মকর্তা সৈয়দ সিদ্দিকুর রহমান জানান, খবিরুজ্জামান উচ্চ বিদ্যালয়ের অগ্নিসংযোগের ঘটনাটি নাশকতার উদ্দেশ্যেই করেছে দুর্বৃত্তরা। এয়াকুব আলী চৌধুরী বিদ্যাপীঠের ঘটনাটি নাশকতা না দুর্ঘটনা তা তদন্ত করে বের করা হবে। এ জন্য তদন্ত কমিটি গঠন করা হয়েছে।